

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ৯. ১৯. নিজের বিষয়ে যীশুর সাক্ষেযর সত্যতা

যীশু বলেন: "আমি যদি নিজের বিষয়ে নিজে সাক্ষ্য দিই তবে আমার সাক্ষ্য সত্যি নয়।" (ইউহোক্না ৫/৩১, মো.-১৩) কিন্তু এ পুস্তকেই (৮/১৪) যীশু বলেন: "যদিও আমি আমার বিষয়ে নিজে সাক্ষ্য দিই, তবুও আমার সাক্ষ্য সত্যি।" (মো.-১৩)

প্রথম বক্তব্য অনুসারে যীশুর নিজের বিষয়ে প্রদত্ত তাঁর নিজের সাক্ষ্য গ্রহণযোগ্য বা সত্য নয়। কিন্তু দ্বিতীয় বক্তব্য অনুসারে তা গ্রহণযোগ্য ও সত্য।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14101

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন